



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১০ মার্চ ২০১৭ খ্রি.

**শেখ হাসিনা পানি শোধনাগার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী'র আগমন উপলক্ষে  
অনুষ্ঠানস্থল বোটক্লাব পরিদর্শন করলেন সিটি মেয়র**

আগামী ১২ মার্চ ২০১৭ খ্রি. রবিবার চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়িত “শেখ হাসিনা পানি শোধনাগার” এর উদ্বোধনী অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী শেখ হাসিনার আগমন উপলক্ষে ১০ মার্চ ২০১৭ খ্রি. শুক্রবার বিকেলে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন পতেঙ্গা বোটক্লাব সরেজমিনে পরিদর্শন করেন। পরিদর্শনকালে মেয়র বোট ক্লাবের চারপাশ ঘুরে ঘুরে দেখেন এবং নিরাপত্তা সহ যাবতীয় বিষয়ে সকলের নিকট খোজ খবর নেন। এ সময় ৪১ নং ওয়ার্ড কাউন্সিলর ছালেহ আহমদ চৌধুরী, চট্টগ্রাম ওয়াসার এমডি প্রকৌশলী একেএম ফজলুল্লাহ ও সচিব শামসুদোহা, মহানগর আওয়ামীলীগের সদস্য হাজী বেলাল আহমেদ, মেয়রের একান্ত সহকারী রায়হান ইউসুফ সহ অন্যান্য উপস্থিত ছিলেন।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**